দৈনিক
ইত্তেফাক

তারিখ 0 6 OCT 2002
পৃষ্ঠা ১১ কলাম ৫

# রংপুরে অনেক কলেজে শিক্ষার্থীর চেয়ে শিক্ষকের সংখ্যা বেশী

রংপুর সংবাদদাতা ।। চরম শিক্ষার্থী সংকটে পড়েছে রংপুরের ২০টি কলেজ। বিগত এসএসসি পরীক্ষায় মফস্বলের অধিকাংশ স্কুলের ফল বিপর্যয়ের কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে কলেজ কর্তৃপক্ষ জানান। শিক্ষার্থী সংকটের কারণে কলেজগুলো আর্থিক সংকটে পড়ার আশংকা দেখা দিয়েছে।

জেলা শিক্ষা বিভাগ সূত্রমতে, জেলার ৫৪টি কলেজের মধ্যে কারমাইকেল কলেজে এইচএসসি'তে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে না। অবশিষ্ট ৫৩টি কলেজের মধ্যে সরকারী কলেজ ২টি। জেলা ও উপজেলা সদর ছাড়া প্রত্যন্ত গ্রামে গড়ে উঠেছে অসংখ্য কলেজ। এসব কলেজের অধিকাংশে শিক্ষার্থীর চেয়ে শিক্ষকের সংখ্যা বেশী। এ অবস্থায় ৩২৭টি মাধ্যমিক বিদ্যালয়ে গত এসএসসি পরীক্ষায় ফল বিপর্যয়ের কারণে ২৫টি কলেজে শিক্ষার্থীর সংকট আরও তীব্র হয়েছে। ফলাফল প্রকাশের পর অনেক কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের বাড়ী বাড়ী গিয়ে ধরনা দিয়েও ব্যর্থ হয়েছে। অনেক কলেজ কর্তৃপক্ষ ভর্তির লোভনীয় সুযোগ-সুবিধা দেয়ার কথা বললেও শিক্ষার্থীরা ভাল কলেজে বা লেখাপড়ার মান অনেকাংশে ভাল সে সব কলেজে ভর্তি হয়েছে। সদর উপজেলার একটি কলেজে সরেজমিনে গিয়ে দেখা গেছে ঐ কলেজে একাদশ শ্রেণীতে ৩টি শাখায় ছাত্রছাত্রী রয়েছে মাত্র ৩৫ জন। অথচ শিক্ষকের সংখ্যা ৪২ জন। এদিকে কলেজ কর্তৃপক্ষ এসএসসি পরীক্ষার ফল বিপর্যয়ের কারণ হিসাবে নির্বাচনী পরীক্ষায় শিক্ষা বোর্ডের নীতিমালা অনুসরণ না করাকে চিহ্নিত করেছেন। বিভিন্নমুখী চাপের কারণে ১০ বিষয়ে অকৃতকার্য হওয়া শিক্ষার্থীদেরও এসএসসি পরীক্ষার ফরম পূরণের সুযোগ দেয়া হয়েছে। আর এজন্য শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থও আদায় করেছে। পরীক্ষায় ঢালাওভাবে নকল করার সুযোগ না পাওয়া এবং পরীক্ষা পদ্ধতির পরিবর্তনের কারণে এসএসসি'র ফলাফলের চরম বিপর্যয় হয়েছে। এবার বেশীরভাগ শিক্ষার্থী 'এফ' গ্রেডপ্রাপ্ত।